CURRICULUM VITAE

জীবন বৃত্তান্ত



ড. জগন্নাথ বড়ুয়া

সহযোগী অধ্যাপক, পালি বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, বাংলাদেশ।

মোবাইল নম্বর: ০১৭১৮-১৫৩৩৯৪, ০১৯১৩০৭৫০৯৬, ই-মেইল : j.barua.nu.@gmail.com

বাংলাদেশে থেরবাদ বৌদ্ধধর্মের পুনজাগরণের পথিকৃৎ প্রথম সংঘরাজ সারমেধ মহাস্থবিরের পুণ্যতীর্থ, অপরূপ নৈসর্গিক সৌন্দর্যের লীলাভূমি, পাহাড় নদী সাগর বেষ্টিত পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার বিনামারা গ্রামে ১৫ এপ্রিল ১৯৭৬ সালে জন্মগ্রহণ করেন ড. জগন্নাথ বড়ুয়া। তাঁর পিতা সুবল চন্দ্র বড়ুয়া এবং মাতা হেজতারা বড়ুয়া। বর্তমানে তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগের সহযোগী অধ্যাপক হিসেবে অধ্যাপনায় কর্মরত। ইতোঃপূর্বে তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে একাডেমিক কাউন্সিলের সদস্য ও গ্রন্থাগারিক (অতিরিক্ত দায়িত্ব) হিসেবে সাড়ে সাত বছর এবং কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্রে কোর্স কো-অডিনেটর হিসেবেও এক বছর দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে পালি বিভাগে খণ্ডকালীন শিক্ষক হিসেবে প্রায় ৪ বছর শিক্ষকতা করেন। বিভাগীয় শ্রেষ্ঠ মেধাবী শিক্ষার্থী হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রক্টর অফিসে প্রিপেক্ট হিসেবে ২০০০-২০০১ সাল পর্যন্ত ১ (এক) বছর দায়িত্ব পালন। বর্তমান সময়ে বাঙালি বৌদ্ধ সমাজে শিক্ষা সাহিত্য সমাজভাবনা তথা একাডেমিক বিষয়ে তরুণ প্রজন্মের যে কয়জন প্রতিভাবান শেখড় সন্ধানী লেখক, গবেষক, অনুবাদক, শিক্ষাব্রতী ও দক্ষসংগঠক আছেন তাদের মধ্যে অন্যতম ড. জগন্নাথ বড়ুয়া। তিনি জীবনযাপনে অতি সহজ সরল ও সাধারণ কিন্তু লেখালেখি, যুক্তি-তর্ক এবং চিন্তা-মনন ও পাণ্ডিত্যে সিংহনিনাদ। বৌদ্ধধর্মের পুনর্জাগরণ ও বাংলাদেশে বৌদ্ধ জনগোষ্ঠীর শিক্ষা-দীক্ষা, ধর্মীয়, সামাজিক, সাংস্কৃতিক উন্নয়ন ও বিকাশে তাঁর অবদান অতুলনীয়।

ড. জগন্নাথ বড়ুয়া বাল্যকাল থেকেই লেখাপড়া, শিল্প-সংস্কৃতি ও ক্রীড়ায় অনন্য অসাধারণ প্রতিভার স্বাক্ষর রাখেন। শিক্ষা জীবনে তিনি চকরিয়া সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় থেকে ১৯৯২ সালে এসএসসি, চট্টগ্রাম সরকারি কলেজ থেকে এইচএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পালি বিভাগ থেকে বিএ অনার্স, মাস্টার্স ও ফেলোশীপসহ **'বাংলাদেশে বৌদ্ধধর্মঃ অতীত ও বর্তমান'** শিরোনামে ২০০৬ সালে এমফিল ডিগ্রি অর্জন করেন এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ফেলো হিসেবে **'বাংলাদেশের বৌদ্ধ ইতিহাস (১৮০১-২০০০)'** শীর্ষক গবেষণা কর্মের জন্য ২০১২ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তাঁর এমফিল ও পিএইচডি গবেষণা কর্মের তত্ত্বাবধায়ক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পালি এণ্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের স্বনামধন্য শিক্ষাবিদ একুশে পদকপ্রাপ্ত বৌদ্ধতত্ত্ববিদ প্রফেসর ড. সুকোমল বড়ুয়া। এছাড়া তিনি বাংলাদেশ সংস্কৃত ও পালি শিক্ষা বোর্ডের অধীনে ধর্মরাজিক পালি কলেজ-ঢাকা থেকে ত্রিপিটক বিশারদ (সূত্র, বিনয় ও অভিধর্ম পিটক) ডিগ্রিও লাভ করেন।

পিএইচডি গবেষণা অভিসন্দর্ভ **'বাংলাদেশের বৌদ্ধ ইতিহাস (১৮০১-২০০০)'** এর সারসংক্ষেপ: বৌদ্ধ জাতিসত্তা বাংলার প্রকৃত উত্তরাধিকারী। বাংলাদেশ নানা ধর্ম, বর্ণ, সংস্কৃতি ও বিভিন্ন নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর আদিভূমি। বাংলাদেশের অতীত ইতিহাসের উৎস ও মৌল বৌদ্ধ কালপর্বের গৌরবগাথা এবং আত্মপরিচয়ের সূত্র বাংলার বৌদ্ধ জাতিসত্তার পুরাবৃত্ত। বৌদ্ধধর্ম দর্শন, ইতিহাস, ঐতিহ্য, সমাজ, সংস্কৃতি তথা মানুষের সামগ্রিক জীবনচর্যা ও ধ্যান-ধারণা বাংলার ইতিহাসের এক অবিচ্ছেদ্য অংশ। তাই বৌদ্ধ জাতিসত্তার ইতিহাসই বাঙালি জাতির ভিত্তিভূমি। এদেশের বাঙালি বড়ুয়া বৌদ্ধ এবং আদিবাসী বৌদ্ধ চাকমা, মারমা, রাখাইন, চাক, তনচংঙ্গ্যা, ম্রো, খিয়াং, খুমি, ওরাঁও প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র জনগোষ্ঠীর জীবনধারা, ইতিহাস ও সংস্কৃতি অত্যন্ত বৈচিত্র্যময়। এ গবেষণা কর্মে উনবিংশ ও বিংশ শতকে বৌদ্ধদের সামগ্রিক ভাষা-সাহিত্য, ইতিহাস-ঐতিহ্য-সংস্কৃতি,

জীবনধারা, শিক্ষা-দীক্ষা ও আর্থ-সামাজিক অবস্থা ও সমাজ-সংস্কার বিষয়ে পর্যালোচনা করা হয়েছে। এ অভিসন্দর্ভে দুশো বছরের ইতিহাসে **'বাংলাদেশের বৌদ্ধ ইতিহাস (১৮০১-২০০০)'** বিষয়ে আলোচনা করা হয়েছে।

পিএইচডি অভিসন্দর্ভে অধ্যায় বিন্যাস হলো: উপক্রমনিকা, প্রথম অধ্যায়: বৌদ্ধ জাতিসত্তার ইতিবৃত্ত ও জীবনধারা, দ্বিতীয় অধ্যায়: বৌদ্ধধর্মের নবজাগরণ ও সমাজ সংস্কার আন্দোলন, তৃতীয় অধ্যায়: দুশো বছরের ইতিহাসে বৌদ্ধদের শিক্ষা-দীক্ষা ও আর্থ-সামাজিক অবস্থা, চতুর্থ অধ্যায়: বাংলাদেশের বৌদ্ধদের পথিকৃৎ ব্যক্তিত্ব ও মহাজীবন, পঞ্চম অধ্যায়: দুশো বছরের ইতিহাসে বৌদ্ধধর্ম দর্শন ও সাহিত্যচর্চার ইতিহাস, ষষ্ঠ অধ্যায়: বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে বৌদ্ধদের অবদান, সপ্তম অধ্যায়: বাংলাদেশে বৌদ্ধদের অবস্থানগত জনপরিসংখ্যান এবং উপসংহার: বৌদ্ধ ইতিহাস মূল্যায়ন।

পালি ভাষা সাহিত্য দর্শন এবং বৌদ্ধ ইতিহাস-ঐতিহ্য-শিল্পসংস্কৃতির উপাদান সংগ্রহ, সংরক্ষণ এবং অত্যন্ত নিষ্ঠা ও পরিশ্রমে তার গবেষণার প্রয়াস নিবেদিত ছিল সর্বক্ষণ। জ্ঞান দক্ষতা ও অভিজ্ঞতায় একাডেমিক ক্ষেত্রে তাঁর গবেষণার প্রধান বিষয় হলো পালিভাষা, সাহিত্য, ধর্মদর্শন, ইতিহাস, ঐতিহ্য, শিল্পকলা, পুরাতত্ত্ব, মুক্তিযুদ্ধ, লোকসংস্কৃতি, বৌদ্ধদের ধর্মীয়-সামাজিক সংস্কৃতি এবং পার্বত্য চট্টগ্রামের নৃতাত্ত্বিক জনগোষ্ঠী ও উত্তরবঙ্গের আদিবাসী ওঁরাও সম্প্রদায়ের জীবনধারা ও সাহিত্যচর্চা। দেশে-বিদেশে প্রসিদ্ধ গবেষণা প্রতিষ্ঠান ও স্বীকৃতমানের জার্নালে এ পর্যন্ত তাঁর প্রকাশিত গবেষণামূলক গ্রন্থ ২০টি, গবেষণা প্রবন্ধ ২৮টি এবং অন্যান্য প্রবন্ধ-নিবন্ধ প্রায় সত্তরটির অধিক। তাঁর প্রকাশিত বেশ কয়েকটি মূল্যবান গ্রন্থ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে একাডেমিক পাঠদানে মৌলিক রেফারেন্স হিসেবে কারিকুলামের অন্তর্ভুক্ত।

বাংলাদেশ বিশ্বদিবদ্যালয় মঞ্জুরী কমিশনের অধীনে কলা ও মানবিক শাখায় গবেষণা প্রকল্প (Research Hypnosis) হিসেবে ২০১১ সালে **'বৌদ্ধ সংস্কৃত সাহিত্য: প্রাচীন ভারতের ঐতিহাসিক উপাদান'** এবং ২০১৭ সালে **'ঐতিহাসিক অবদান সমুচ্চয়'** শিরোনামে আর্থিক সহায়তাসহ দুটি গবেষণা প্রকল্পের পরিচালক হিসেবে কাজ করেন। ২০১৬ সালে গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট, খুলনার অধীনে **'মুক্তিযুদ্ধে বৌদ্ধ ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভূমিকা: চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম'** এবং ২০১৯ সালে **'গণহত্যা-বধ্যভূমি ও গণকবর জরিপ কক্সবাজার জেলা'** শিরোনামে দুটি গবেষণা প্রকল্পের পরিচালক হিসেবেও কাজ করেন। বর্তমানে তাঁর আরো কয়েকটি গবেষণামূলক গ্রন্থ এবং একটি গবেষণা প্রকল্পের গবেষণা কাজ চলমান এবং প্রকাশের প্রক্রিয়াধীন। এছাড়াও তিনি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-ঢাকার অধীনে বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের বিশেষজ্ঞ হিসেবে কারিকুলাম, পাঠ্যপুস্তক, শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষাক্রম শিক্ষক নির্দেশিকা প্রণয়নে নিয়মিত কাজ করছেন।

বর্তমান যুগ পরিবর্তন ও সংযোজনের যুগ। ভাষা-সাহিত্য কিংবা সমাজ-সংস্কৃতির সাম্প্রতিক বিবর্তন ও রূপান্তর গবেষণাকে সমৃদ্ধ করছে। পালি ভাষা-সাহিত্য, বৌদ্ধ ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির ধারক ও বাহক ড. জগন্নাথ বড়ুয়া তাঁর অনন্য প্রতিভা, পাণ্ডিত্য ও দক্ষতায় একাডেমিক, শিক্ষা, সাহিত্য, গবেষণা, কারিকুলাম, পাণ্ডুলিপি এবং ধর্মীয়-সামাজিক সম্প্রীতি ও উন্নয়নমূলক বিভিন্ন সেমিনার-কর্মশালায় অংশগ্রহণ, প্রবন্ধ উপস্থাপন এবং বিষয় বিশেষজ্ঞ প্রশিক্ষক হিসেবে অবদান রাখেন। জাতীয় বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে পালি ও বৌদ্ধধর্ম শিক্ষা বিষয়ের বিশেষজ্ঞ হিসেবে কারিকুলাম, বিভিন্ন কলেজ মনিটরিং, পরীক্ষা কেন্দ্র পরিদর্শন, পরীক্ষা কমিটির সদস্য, প্রশ্নপত্র মডারেশন ও প্রধান পরীক্ষক হিসেবে কাজ করেন।

বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC), পরিকল্পনা মন্ত্রণালয়, ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর ট্রাস্ট, এনসিটিবিসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের অধীনে একাধিক গবেষণাকর্মে জড়িত। **বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মৌলিক গবেষণা প্রবন্ধ-পুস্তকের ভিত্তিতে ২০১৫ সালে কলা, মানবিক, আইন ও শিক্ষা শাখায় শ্রেষ্ঠ মেধাবী গবেষক হিসেবে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক 'ইউজিসি (UGC) এওয়ার্ড' অর্জন করেন।** এছাড়াও সাহিত্যকর্ম ও সাংগঠনিক অবদানের জন্য তিনি বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন, চারুলতা, বোধিবার্তা, চকরিয়া বুদ্ধিস্ট ফাউণ্ডেশন, শিক্ষক সমিতি প্রভৃতি কর্তৃক সংবর্ধিত ও বিভিন্ন সম্মাননা পুরস্কার প্রাপ্ত হন।

তিনি অধ্যাপনার পাশাপাশি একাধিক গবেষণা, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের জীবনসদস্য এবং বিভিন্ন ধর্মীয়, সামাজিক ও মানব সেবামূলক কর্মে নিবেদিত। বর্তমানে তিনি বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশনের মুখপত্র 'দীপঙ্কর' এর সম্পাদক এবং ভিক্ষু সুনন্দপ্রিয় সম্পাদিত 'সৌগত' পত্রিকার সহযোগী সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করছেন। এছাড়াও তিনি সৃজনশীল মুক্তবুদ্ধি চর্চার প্রকাশনা 'চারুলতা' পত্রিকার সহকারী সম্পাদক ও ভারপ্রাপ্ত সম্পাদক এবং জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত ত্রৈমাসিক 'সমাচার' পত্রিকার সহযোগী সম্পাদক ছিলেন।

তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় বৌদ্ধ ছাত্র সংসদ এর সাধারণ সম্পাদক (২০০৩-২০০৪) এবং সভাপতি (২০০৫-২০০৬) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ বৌদ্ধ সাংস্কৃতিক পরিষদ এর প্রতিষ্ঠাতা সদস্য, সাধারণ সম্পাদক (২০১৪-২০১৮), আহ্বায়ক এবং বর্তমানে সিনিয়র সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন

করছেন। পারিবারিক জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক। তাঁর স্ত্রী রুনা বড়ুয়া (এমবিএম), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত।

একাডেমিক পরিচয় ও তথ্য বিবরণ

নাম ও পদবী	: ড. জগন্নাথ বড়ুয়া, সহযোগী অধ্যাপক
বিভাগ	: পালি বিভাগ, ফ্যাকাল্টি অব হিউম্যানিটিস এন্ড ল', জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শিক্ষকতায় মোট চাকুরীকাল	: ২০ বছর ১১ মাস
প্রভাষক পদে চাকুরীকাল	: ১০ বছর ৪ মাস (০১/০৩/২০০৫ থেকে ১৬/০৭/২০১৪ খ্রি.)
সহকারী অধ্যাপক পদে চাকুরীকাল	: ৫ বছর ৫ মাস (১৬/০৭/২০১৪ খ্রি. থেকে ১৪/৫/২০২১)
সহযোগী অধ্যাপক পদে চাকুরীকাল	: ৪ বছর ২ মাস (১৫/০৫/২০২১ খ্রি. চলমান)
বিশ্ববিদ্যালয়ে যোগদানের তারিখ	: ০১/০৩/২০০৫ খ্রি.
গবেষণা গ্রন্থ সংখ্যা	: ২১টি
গবেষণা প্রবন্ধ সংখ্যা	: ২৮টি
গবেষণা প্রকল্প সংখ্যা	: ০৫টি
বিভিন্ন প্রবন্ধ-নিবন্ধ সংখ্যা	: ৭০টির অধিক

প্রকাশিত গবেষণামূলক গ্রন্থ (Published Research Books)

১. **মহাকাব্য ও মহাকবি অশ্বঘোষের কাব্যাদর্শ,** শোভা প্রকাশ, বাংলাবাজার, ঢাকা, ২০০৯

২. **উত্তরবঙ্গের ইতিহাস ঐতিহ্য ও আদিবাসী ওরাঁওদের জীবনধারা,** নবরাগ প্রকাশনী, বাংলাবাজার, ঢাকা, ২০০৯

৩. **মহাপণ্ডিত রাহুল সাংকৃত্যায়নের জীবন ও সাহিত্যকর্ম,** খান ব্রাদার্স লি:, বাংলাবাজার, ঢাকা, ২০১০

৪. **বাংলা সাহিত্যে বৌদ্ধচর্চার পটভূমি (সম্পাদনা),** শোভা প্রকাশ, বাংলাবাজার, ঢাকা, ২০১২

৫. **বৌদ্ধ সংস্কৃত সাহিত্যের ইতিহাস,** নবরাগ প্রকাশনী, ঢাকা, ২০১৪

৬. **গৌতম বুদ্ধের মহাজীবন ও ধর্মদর্শন,** নবরাগ প্রকাশনী, ঢাকা, একুশে বইমেলা, ২০১৪

৭. **পালি ভাষাতত্ত্ব ও লিপিবিদ্যা,** নবরাগ প্রকাশনী, ঢাকা, একুশে বইমেলা, ২০১৬

৮. **মুক্তিযুদ্ধে বৌদ্ধ ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভূমিকা : চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম,** ১৯৭১: গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র, ৭১ গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ জাদুঘর ও আর্কাইভ ট্রাস্ট, খুলনা, নভেম্বর, ২০১৭

৯. **হরপ্রসাদ শাস্ত্রী : বঙ্গীয় সাহিত্যের আবিষ্কারক,** শোভা প্রকাশ, বাংলাবাজার, ঢাকা, একুশে বইমেলা, ২০১৮

১০. **হরপ্রসাদ শাস্ত্রীর ত্রয়ী উপন্যাস: স্বরূপ সমীক্ষা,** শোভা প্রকাশ, বাংলাবাজার, ঢাকা, একুশে বইমেলা, ২০২০

১১. **ঐতিহাসিক বৌদ্ধ অবদান সাহিত্য সমুচ্চয়,** শোভা প্রকাশ, বাংলাবাজার, ঢাকা, একুশে বইমেলা, ২০২০

১২. ত্রিপিটকের অন্তর্গত অভিধর্ম পিটকের গ্রন্থ **'যমক', দ্বিতীয় খণ্ড (অনু.),** ত্রিপিটক রিচার্স সোসাইটি, চট্টগ্রাম, ২০২৩

১৩. ত্রিপিটকের অন্তর্গত সুত্ত পিটকের **পেতবত্থু (অনু.),** যৌথ, সৌগত প্রকাশন, ঢাকা, ২০২৪

১৪. **পালি ভাষা ও শব্দকোষ,** নবরাগ প্রকাশনী, বাংলাবাজার, ঢাকা, ২০২৫

১৫. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অধীনে **'বৌদ্ধধর্ম শিক্ষা'** বিষয়ে ষষ্ঠ শ্রেণির মাধ্যমিক স্তরের **'শিক্ষক সংস্করণ'** ইংরেজিতে অনুবাদ (যৌথভাবে), এনসিটিবি, ঢাকা, ২০২৫

১৬. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অধীনে **'বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা'** বিষয়ে প্রথম শ্রেণি, দ্বিতীয় শ্রেণি, তৃতীয় শ্রেণি, চতুর্থ শ্রেণি ও পঞ্চম শ্রেণির প্রাইমারী স্তরের পাঁচটি পাঠ্যপুস্তকের লেখক (যৌথভাবে), এনসিটিবি, ঢাকা, ২০১২

১৭. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অধীনে **'বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা'** বিষয়ে প্রথম শ্রেণি, দ্বিতীয় শ্রেণি, তৃতীয় শ্রেণি, চতুর্থ শ্রেণি ও পঞ্চম শ্রেণির প্রাইমারী স্তরের পাঁচটি **'শিক্ষক সংস্করণ'** এর লেখক (যৌথভাবে), এনসিটিবি, ঢাকা, ২০১২

১৮. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অধীনে **'বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা'** বিষয়ে প্রথম শ্রেণি, দ্বিতীয় শ্রেণি, তৃতীয় শ্রেণি, চতুর্থ শ্রেণি ও পঞ্চম শ্রেণির প্রাইমারী স্তরের পাঁচটি পাঠ্যপুস্তক রচনা ও লেখক (যৌথভাবে), এনসিটিবি, ঢাকা, ২০১৯

১৯. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অধীনে **'বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা'** বিষয়ে প্রথম শ্রেণি, দ্বিতীয় শ্রেণি, তৃতীয় শ্রেণি, চতুর্থ শ্রেণি ও পঞ্চম শ্রেণির প্রাইমারী স্তরের পাঁচটি **'শিক্ষক সংস্করণ'** রচনা ও লেখক (যৌথভাবে), এনসিটিবি, ঢাকা, ২০১৯

২০. বৌদ্ধ শিল্পকলা ও মূর্তিতত্ত্ব: রূপ ও রূপান্তর (যন্ত্রস্থ)

২১. বাংলাদেশের বৌদ্ধ ইতিহাস (১৮০১-২০০০) (যন্ত্রস্থ)

২২. বাংলাদেশে বৌদ্ধধর্ম : অতীত ও বর্তমান (যন্ত্রস্থ)

২৩. মহাযান ধর্মদর্শনের ষড় দার্শনিক ও দর্শনতত্ত্ব (যন্ত্রস্থ)

- প্রকাশিত বেশ কয়েকটি গ্রন্থ কলিকাতা বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে একাডেমিক পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত।

প্রকাশিত গবেষণামূলক প্রবন্ধ (Published Research Articles)

১. চট্টগ্রামের প্রাচীন ইতিহাস ও ঐতিহ্য, জার্নাল অব সোস্যাল সাইন্স এণ্ড হিউম্যানেটিজ, ভল্যূম-৩, নং ২, জুন ২০০৬, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

২. রবীন্দ্র সাহিত্যে বৌদ্ধচর্চা, জাতীয় বিশ্ববিদ্যালয় জার্নাল অব আর্টস, ভল্যূম ১, নং ১, ডিসেম্বর ২০০৬, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

৩. নজরুলের সাহিত্যকর্মে বুদ্ধের প্রভাব, সংখ্যা ২৬, নজরুল গবেষণা পত্রিকা, নজরুল ইন্সিটিটিউট, ধানমণ্ডি, ঢাকা, ২০০৮

৪. বাংলাদেশের বৌদ্ধদের আত্মপরিচয় : একটি নৃতাত্ত্বিক পর্যালোচনা, ন্যাশনাল ইউনিভার্সিটি জার্নাল অব সোস্যাল সায়েন্স, ভল্যূম ১, নং ১, ডিসেম্বর, ২০০৮, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

৫. বৌদ্ধ দর্শনে জন্মান্তরবাদ, ইতিহাস, বিয়াল্লিশ বর্ষ, বৈশাখ-চৈত্র ১৪১৫, মার্চ ২০০৯, বাংলাদেশ ইতিহাস পরিষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৬. বৌদ্ধ মেলার প্রাচীন ইতিহাস, ইতিহাস সমিতি পত্রিকা, সংখ্যা ৩১-৩২, ১৪১৫-১৬ (২০০৮-২০০৯), প্রকাশ কাল এপ্রিল ২০১০, বাংলাদেশ ইতিহাস সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৭. আদিবাসী ওরাঁও বৌদ্ধদের ইতিহাস-ঐতিহ্য, জার্নাল অব ইতিহাস একাডেমি, ভল্যূম ১, নং ১, ঢাকা, ২০১১

৮. কক্সবাজারের বৌদ্ধ ইতিহাস : একটি ঐতিহাসিক মূল্যায়ন, ইতিহাস প্রবন্ধমালা, ইতিহাস একাডেমি, ঢাকা, ২০১১

৯. মহাযান বৌদ্ধধর্মে বোধিসত্ত্ব জীবন ও মার্গ বৈশিষ্ট্য, ইতিহাস একাডেমি জার্নাল, ভল্যূম ২.নং ২, ইতিহাস একাডেমি, ঢাকা, ২০১২

১০. ঐতিহাসিক অবদান সাহিত্যের বিষয় ও নীতিশিক্ষা: একটি পর্যালোচনা, রবীন্দ্র জার্নাল, সংখ্যা ৭, নং ১, রবীন্দ্রনাথ কৃষি প্রযুক্তি ইনস্টিটিটিউট, নাওগাঁ, জানুযারি ২০১৩

১১. প্রাচীন বাংলার ইতিহাস অন্বেষায় বৌদ্ধ পুরাবৃত্ত, ইতিহাস সম্মিলনী প্রবন্ধসংগ্রহ-১, বাংলাদেশ ইতিহাস সম্মিলনী, ঢাকা, নভেম্বর ২০১৫

১২. আচার্য শান্তিদেবের বোধিচর্যাবতার ও পারমিতা দর্শন, দর্শন প্রগতি, গোবিন্দ চন্দ্র দেব সেন্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২০১৫

১৩. বৌদ্ধদের ধর্মীয়, সামজিক কুসংস্কার ও লৌকিক আচার অনুষ্ঠান, ইতিহাস সমিতি পত্রিকা, সংখ্যা ৩৫-৩৬, বাংলাদেশ ইতিহাস সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২০১৫

১৪. শাসনবংস গ্রন্থের আলোকে মায়ানমারে বৌদ্ধধর্মের প্রচার-প্রসার, ইতিহাস সম্মিলনী প্রবন্ধসংগ্রহ-২, ইতিহাস একাডেমি, ঢাকা, ২০১৫

১৫. মুক্তিযুদ্ধে বৌদ্ধদের অবদান: চট্টগ্রাম অঞ্চল, ইতিহাস প্রবন্ধ সংগ্রহ-৩, বাংলাদেশ ইতিহাস সম্মিলনী, ঢাকা, ২০১৬

১৬. হরপ্রসাদ শাস্ত্রীর বৌদ্ধবিদ্যা ও ইতিহাস চর্চা, জার্নাল অব ইতিহাস একাডেমি, ভল্যূম ৩, নং ১, ঢাকা, ২০১৬

১৭. পার্বত্য চট্টগ্রামে ভাষা-সাহিত্যচর্চা: একটি পর্যালোচনা, ইতিহাস সম্মিলনী প্রবন্ধসংগ্রহ-৪, বাংলাদেশ ইতিহাস সম্মিলনী, ঢাকা, ২০১৭

১৮. মহাকবি ক্ষেমেন্দ্রে ও বোধিসত্ত্বাবদানকল্পলতা: একটি পর্যালোচনা, ইতিহাস সমিতি পত্রিকা, সংখ্যা ৩৭-৩৮, বাংলাদেশ ইতিহাস সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ডিসেম্বর ২০১৭

১৯. হরপ্রসাদ শাস্ত্রীর উপন্যাস চর্চা: ইতিহাস ও ঐতিহাসিকের যোগসূত্র, ইতিহাস, পয়তাল্লিশ বর্ষ সংখ্যা, বাংলাদেশ ইতিহাস পরিষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২০১৭

২০. বৌদ্ধ পাণ্ডুলিপি সমীক্ষা: বিষয় ও প্রায়োগিকতা, ইতিহাস বিভাগ জার্নাল, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা, ২০১৭

২১. মহাযান ধর্মদর্শনে দেবদেবী ও মূর্তির গঠন বৈশিষ্ট্য, ইতিহাস সম্মিলনী প্রবন্ধসংগ্রহ-৮, বাংলাদেশ ইতিহাস সম্মিলনী, ঢাকা, ২০১৯

২২. বাংলাদেশের মুক্তিযুদ্ধের এনসাইক্লোপিডিয়া, মুক্তিযুদ্ধের ইতিহাস: বান্দরবান সদর উপজেলা, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ২০১৮

২৩. বাংলাদেশের মুক্তিযুদ্ধের এনসাইক্লোপিডিয়া, মুক্তিযুদ্ধের ইতিহাস: আলীকদম উপজেলা, বান্দরবান, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ২০১৮

২৪. বাংলাদেশের মুক্তিযুদ্ধের এনসাইক্লোপিডিয়া, মুক্তিযুদ্ধের ইতিহাস: থানছি উপজেলা, বান্দরবান, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ২০১৮

২৫. প্রজ্ঞাপারমিতা সূত্র: দার্শনতাত্ত্বিক বিষয় ও ব্যাখ্যা, ইতিহাস সম্মিলনী প্রবন্ধ সংগ্রহ-১২, বাংলাদেশ ইতিহাস সম্মিলনী, ঢাকা, সেপ্টেম্বর ২০২১

২৬. ঐতিহাসিক মহাবস্তু অবদান-এর স্বরূপ ও বৈশিষ্ট্য, ইতিহাস, ৫৪ বর্ষ, বৈশাখ-চৈত্র ১৪২৮, ২০২১-২০২২, বাংলাদেশ ইতিহাস পরিষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, জুন ২০২২

২৭. চট্টগ্রামে বৌদ্ধদের সামাজিক লোকসংস্কৃতি ও মৌখিক পরম্পরা: একটি সমীক্ষা, আত্মদীপ, উত্তরসূরি, সংখ্যা ১, ইস্যু ৬, ভারত, জুলাই ২০২৫

২৮. বাংলাদেশে বৌদ্ধদের ধর্মদর্শন ও সাহিত্যচর্চা: একটি পর্যালোচনা, বাংলাদেশ ইতিহাস একাডেমি জার্নাল ইতিহাস প্রবন্ধমালা, বাংলাদেশ ইতিহাস একাডেমি, ঢাকা, ২০২৫

২৯. প্রাচ্য ও পাশ্চাত্যে নন্দনতত্ত্ব চর্চা: একটি তুলনামূলক পর্যালোচনা, পশ্চিমবঙ্গ সাহিত্য পত্রিকা, ভারত, ২০২৫ (প্রকাশের অপেক্ষা)

৩০. দার্শনিক অসঙ্গের যোগাচারভূমি: একটি দর্শনতাত্ত্বিক পর্যালোচনা, ইতিহাস, বর্ষ, মার্চ ২০২৫, বাংলাদেশ ইতিহাস পরিষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। (জমাকৃত)

৩১. ধর্মকীর্তির প্রমাণবার্তিক ও ন্যায় দর্শন: একটি তাত্ত্বিক পর্যালোচনা, জাতীয় বিশ্ববিদ্যালয় জার্নাল, গাজীপুর, ২০২৫ (জমাকৃত)

৩২. পালি সাহিত্যে প্রেত : স্বরূপ ও বৈশিষ্ট্য, ইতিহাস একাডেমি জার্নাল ইতিহাস প্রবন্ধমালা, ঢাকা, ২০২৫ (জমাকৃত)

৩৩. দার্শনিক বসুবন্ধুর অভিধর্মকোষ: একটি তাত্ত্বিক পর্যালোচনা, দর্শন জার্নাল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২০২৫ (জমাকৃত)

- গবেষণামূলক আরো প্রায় ৪-৫টি প্রবন্ধ বিভিন্ন জার্নালে প্রকাশের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

গবেষণামূলক প্রকল্প (Research Hypnosis)

০১. **বৌদ্ধ সংস্কৃত সাহিত্য: প্রাচীন ভারতের ঐতিহাসিক উপাদান**, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধীনে কলা ও মানবিক শাখার একটি গবেষণা প্রকল্প, আগারগাঁও, ঢাকা, ২০১১

০২. **ঐতিহাসিক অবদান সমুচ্চয়**, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধীনে কলা ও মানবিক শাখার একটি গবেষণা প্রকল্প, আগারগাঁও, ঢাকা, ২০১৭

০৩. **মুক্তিযুদ্ধে বৌদ্ধ ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভূমিকা: চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম**, ১৯৭১ গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র, খুলনা, ২০১৬

০৪. **গণহত্যা-বধ্যভূমি ও গণকবর জরিপ কক্সবাজার জেলা**, গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র, ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট, খুলনা, ২০১৯

০৫. **বাংলাদেশের মুক্তিযুদ্ধ জ্ঞানকোষ,** মুক্তিযুদ্ধ, গণহত্যা, বধ্যভূমি, গণকবর বিষয়ক শতাধিক বিশেষভুক্তির লেখক ও জেলা সন্বয়কারী এবং প্রকল্প বিশেষ সহকারী, নির্বাহী সম্পাদক অধ্যাপক ড. হারুন-অর-রশিদ, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ২০১৯

গবেষণা তত্ত্বাবধান এবং পাঠদান (Research Supervisor)

- উৎস বড়ুয়া জয়, এমফিল গবেষক, গবেষণার শিরোনাম: 'বাংলাদেশে বৌদ্ধদের লোকসংস্কৃতি: চট্টগ্রাম অঞ্চল', এমফিল ডিগ্রিপ্রাপ্ত, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০১৮
- সুমেত শ্রমণ, এমফিল গবেষক, গবেষণার শিরোনাম: বৌদ্ধদর্শনে মানবাধিকার: একটি পর্যালোচনা, এমফিল ফেলো, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০২৪-২০২৫
- আশুতোষ বড়ুয়া, এমফিল গবেষক, গবেষণার শিরোনাম: পালি পদ্য সাহিত্য: বিষয় স্বরূপ ও বৈশিষ্ট্য, এমফিল ফেলো, একটি পর্যালোচনা, এমফিল ফেলো, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০২৪-২০২৫
- সুবেল বড়ুয়া, এমফিল গবেষক, গবেষণার শিরোনাম: পুগ্‌গল প্রজ্ঞপ্তি: মানবচরিত্রের স্বরূপ ও বৈশিষ্ট্য, এমফিল ফেলো, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০২৪-২০২৫
- লোকপ্রিয় বড়ুয়া, পিএইচডি গবেষক, গবেষণার শিরোনাম: বাংলাদেশে থেরবাদ বৌদ্ধধর্ম বিকাশে সংঘরাজ নিকায়, পিএইচডি ফেলো, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০২৫-২০২৬
- সংগীতা চৌধুরী, এমফিল গবেষক, গবেষণার শিরোনাম: মহাবর্গ: বুদ্ধের জীবনী ও সংঘ প্রতিষ্ঠার ক্রমবিকাশ, এমফিল ফেলো, একটি পর্যালোচনা, এমফিল ফেলো, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০২৫-২০২৬
- শ্রী জ্যোতিপ্রিয় ভিক্ষু, এমফিল গবেষক, গবেষণার শিরোনাম: বাংলাদেশ সংঘরাজ ভিক্ষু মহাসভা: প্রেক্ষিত বৌদ্ধধর্ম ও সমাজ বিনির্মাণ, এমফিল ফেলো, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০২৫-২০২৬

- সাগর বড়ুয়া, এমফিল গবেষক, গবেষণার শিরোনাম: বৌদ্ধদের আর্থ-সামাজিক অবস্থা: চট্টগ্রাম অঞ্চলের উপর একটি সমীক্ষা, এমফিল ফেলো, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ২০২৫-২০২৬
- পালি ও সংস্কৃত -এ দুটি বিষয়ে এমফিল কোর্সে পাঠদান, প্রশ্নপ্রণেতা, পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন।

একাডেমিক কাজে সম্পৃক্ততা ও অভিজ্ঞতা

- সহযোগী অধ্যাপক, পালি বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪; ১৫/০৫/২০২১ খ্রি. হতে বর্তমান পর্যন্ত অধ্যাপনায় নিয়েজিত আছি।
- সহকারী অধ্যাপক, পালি বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪; ১৬/০৭/২০১৪ হতে ১৪/০৫/২০২১ খ্রি.।
- প্রভাষক, পালি বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪; ০১/০৩/২০০৫ হতে ১৬/০৭/২০১৪ খ্রি.।
- কোর্স কো-অডিনেটর, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪; ০১/০৬/.২০১৭ থেকে ১০/০৬/২০১৮ পর্যন্ত দায়িত্ব পালন।
- গ্রন্থাগারিক (অতিরিক্ত দায়িত্ব), গ্রন্থাগার বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪; ১০/০৬/২০১৭ থেকে ০১/১০/২০২৪ পর্যন্ত দায়িত্বে পালন।
- খণ্ডকালীন শিক্ষকতা, পালি এণ্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রায় ৪ বছর অধ্যাপনা
- প্রিপেট, প্রক্টর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়, সময় ২০০০-২০০১ সাল পর্যন্ত, ১ (এক) বছর।
- খণ্ডকালীন চাকুরি, রেজিস্ট্রার অফিস (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়, সময় ০১/০৭/১৯৯৮ সাল হতে ৩১/১২/১৯৯৮ সাল
- প্রাথমিক স্তরের শিক্ষার 'বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ের ১ম থেকে ৫ম শ্রেণির কারিকুলাম, পাণ্ডুলিপি ও শিক্ষক সংস্করণ প্রণয়ন, প্রশিক্ষণ ম্যানোয়েল, টুলস্য ও পাঠদান পদ্ধতি প্রণয়ন সহ পালির বিভিন্ন পাণ্ডুলিপি মূল্যায়ন এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা -এর মাধ্যমিক স্তরের (ষষ্ঠ ও সপ্তম শ্রেণির) পাণ্ডুলিপি মূল্যায়ন (Manuscript review).
- জাতীয় বিশ্ববিদ্যালয়ে বি এ পাস, অনার্স এবং মাস্টার্স কোর্সে কারিকুলাম, প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, উত্তরপত্র মূল্যায়ন, প্রধান পরীক্ষক এবং মৌখিক পরীক্ষা গ্রহণ। ২০০৫ সাল থেকে বর্তমান পর্যন্ত দায়িত্ব পালন।
- উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে এসএসসি প্রোগ্রামে বৌদ্ধধর্ম এবং বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে কারিকুলাম কমিটির সদস্য, প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, উত্তরপত্র মূল্যায়ন, প্রধান পরীক্ষক হিসেবে ২০০৫ সাল থেকে বর্তমান পর্যন্ত দায়িত্ব পালন।
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রায় ৪০-৫০টির অধিক সেমিনার-সিম্পোজিয়ামে অংশগ্রহণ, প্রবন্ধ পাঠ এবং প্রবন্ধের বিষয়ে মতামত প্রদান।
- শিক্ষামূলক বিভিন্ন কর্মশালায় অংশগ্রহণ ও প্রশিক্ষক হিসেবে পাঠদান ও দিকনির্দেশনা প্রদান।
- একাডেমিক কমিটি আর্টস গ্রুপের চেয়ারম্যান এবং স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র এর ডিন মহোদয়ের প্রশাসনিক এবং এম.ফিল. ও পিএইচ. ডি. গবেষণামূলক কাজে (সেমিনার, থিসিস মূল্যায়ন, মৌখিক পরীক্ষা) সহায়তা কাজে সম্পৃক্ত আছেন।
- একাডেমিক কমিটি আর্টস গ্রুপের এম. ফিল প্রোগ্রামে পাঠদান, প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রস্তুতকরণ এবং গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন।

প্রকাশিত স্মারক, সাময়িকী, পত্র-পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ-নিবন্ধ

১. মহামানব বুদ্ধ, জ্যোতিকা, চট্টগ্রাম কলেজ বৌদ্ধ ছাত্র সংসদ বার্ষিক পত্রিকা, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম, মার্চ ১৯৯৫
২. সন্ত্রাসের অবসান (নাটিকা), মঞ্চায়ন, চকরিয়া, কক্সবাজার, অক্টোবর ১৯৯৬
৩. দেয়াল পত্রিকা প্রকাশ, এন বি তরুণ সংঘ, চকরিয়া কেন্দ্রিয় জেতবন বৌদ্ধ বিহার, চকরিয়া, কক্সবাজার, ১৯৯৬
৪. বাস্তবতার প্রেক্ষিপটে ব্যক্তিত্ব ও সামাজিকতা, সৌম্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ (DUBSU) বার্ষিক মুখপত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ১৩ই জুন ১৯৯৭
৫. প্রবারণার পূর্ণিমার তাৎপর্য এবং বুদ্ধের মহান শিক্ষা, দৈনিক মুক্তকণ্ঠ, ১৬ই অক্টোবর ১৯৯৭
৬. বানু সিং এর গল্প, চারুলতা পত্রিকা, ২য় বর্ষ, ৩য় সংখ্যা, ঢাকা, অক্টোবর ১৯৯৭
৭. রবীন্দ্র জীবনে বুদ্ধ চেতনা, সারসংক্ষেপ সাময়িকী, সংস্কৃত ও পালি সেমিনার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২৮শে এপ্রিল ১৯৯৮
৮. বৌদ্ধ সমাজ ও প্রাসঙ্গিক ভাবনা, সৌম্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ (DUBSU) বার্ষিক মুখপত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২৭শে জুন ১৯৯৮
৯. বুদ্ধের শরণ, প্রজ্ঞা, বুদ্ধ পূর্ণিমা সাময়িকী, বৌদ্ধ ছাত্র সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা, ৩রা জুলাই ১৯৯৮

১০. শ্রাবস্তী : পটাচারা ও কৃশা গৌতমী, চারুলতা পত্রিকা, ৩য় বর্ষ, ১ম সংখ্যা, ঢাকা, এপ্রিল ১৯৯৯
১১. রবীন্দ্র জীবনে বুদ্ধ চেতনা, ধ্যানালোক, ১ম সংখ্যা, ত্রৈমাসিক সাহিত্য পত্রিকা, ঢাকা, জুলাই-সেপ্টেম্বর ১৯৯৯
১২. তথাগত বুদ্ধ, সৌম্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ (DUBSU) বার্ষিক মুখপত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২৩শে জুলাই ১৯৯৯
১৩. মানব কল্যাণে ধ্যান: একটি সমীক্ষা, চারুলতা পত্রিকা, ৪র্থ বর্ষ, ২য় সংখ্যা, ঢাকা, আগস্ট ২০০০
১৪. প্রবারণা ও প্রাসঙ্গিক ধর্মতত্ত্ব বিশ্লেষণ, সৌম্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ (DUBSU) বার্ষিক মুখপত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ১৬ই সেপ্টেম্বর ২০০০
১৫. স্বর্গীয় বারতা, দীপঙ্কর, বাংলাদেশ বুদ্ধিস্টা ফেডারেশন মুখপত্র, ঢাকা, ৮ই নভেম্বর ২০০০
১৬. M.C.Q. Letter-এর খসড়া রূপরেখা, চারুলতা পত্রিকা, ৫ম বর্ষ, ১ম সংখ্যা, ঢাকা, মে ২০০১
১৭. অব্যক্ত কথা, সৌম্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ (DUBSU) বার্ষিক মুখপত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ১৭ই আগস্ট ২০০১
১৮. স্বপ্নের অপেক্ষায়, চারুলতা পত্রিকা, ৬ষ্ঠ বর্ষ, ১ম সংখ্যা, ঢাকা, মে ২০০২
১৯. বাংলাদেশে বৌদ্ধধর্ম: উৎপত্তি ও পুনরুত্থান, চারুলতা পত্রিকা, ৬ষ্ঠ বর্ষ, ২য় সংখ্যা, ঢাকা, অক্টোবর ২০০২
২০. বৌদ্ধধর্মের আলোকে আদর্শ জীকন ও সমাজ গঠন, সৌগত, বৌদ্ধ সমাজ সংস্কৃতিমূলক পত্রিকা, ৭ম বর্ষ, নভেম্বর ২০০২
২১. বৌদ্ধধর্মে দান : একটি সমীক্ষা, দীপঙ্কর, শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন মুখপত্র, ঢাকা, ৬ই নভেম্বর ২০০৩
২২. জয়তু জ্যোতিপাল, সংঘরাজ জ্যোতিপাল স্মারক, সম্পাদক ভিক্ষু সুনন্দপ্রিয়, ১০ম সংঘরাজ জ্যোতিপাল মহাথের জাতীয় অন্তেষ্টিক্রিয়া উদ্‌যাপন কমিটি, কনকচৈত্য বিহার লাকসাম, কুমিল্লা, ৯ই জানুয়ারি ২০০৩
২৩. বৌদ্ধধর্ম ও কর্মবাদ: একটি পর্যালোচনা, জ্যোতি, বার্ষিক সাহিত্য পত্রিকা, বুদ্ধ পূর্ণিমা স্মারক, চট্টগ্রাম, ৪রা মে ২০০৪
২৪. বাংলা নববর্ষ ও অন্যান্য প্রসঙ্গ, সৌগত, বৌদ্ধ সমাজ সংস্কৃতিমূলক পত্রিকা, ৯ম বর্ষ, ৪ মে ২০০৪
২৫. বৌদ্ধদের ধর্মীয় পূজা পার্বণ, চারুলতা পত্রিকা, ৮ম বর্ষ, ১ম সংখ্যা, ঢাকা, মে ২০০৪
২৬. মহামানব বুদ্ধের বাণী ও ধর্মদর্শন, চারুলতা পত্রিকা, ৯ম বর্ষ, ১ম সংখ্যা, ঢাকা, ১৭ই আগস্ট ২০০৫
২৭. বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা: প্রসঙ্গ জাতীয় বিশ্ববিদ্যালয়, দৈনিক দিনকাল, ২০০৫
২৮. ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ সংক্ষিপ্ত ইতিহাস, সৌম্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ (DUBSU) বার্ষিক মুখপত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২০০৫
২৯. মহামানব বুদ্ধের জীবন ও বাণী, দৈনিক সংবাদ, ১৫ই মে ২০০৬
৩০. ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদের ইতিহাস, সৌম্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ ছাত্র সংসদ (DUBSU) বার্ষিক মুখপত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ২০০৬
৩১. বাংলাদেশে বৌদ্ধ সমাজ ও আগামী প্রজন্ম: প্রেক্ষিত ঐক্য-সংহতি ও উত্তরণ, দীপঙ্কর, শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন মুখপত্র, ঢাকা, ৩রা নভেম্বর ২০০৬
৩২. বৌদ্ধ গৃহনীতি ও আমাদের করণীয় পর্যায়বৃত্ত, চারুলতা পত্রিকা, ১১শ বর্ষ, ১ম সংখ্যা, ঢাকা, মে ২০০৭
৩৩. প্রফেসর আফতাব আহমদ: জীবন ও কর্ম, আফতাব আহমদ স্মৃতি স্মারক সংখ্যা, ঢাকা, ২০০৭
৩৪. ড. ভিক্ষু সুনীতানন্দ: সকল সংস্কার অনিত্য, সুনীতানন্দ স্মরক, রাউজান, চট্টগ্রাম, ২০০৮
৩৫. বৌদ্ধধর্মে কর্মের অন্তদর্শন, দীপঙ্কর, শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন মুখপত্র, ঢাকা, ১৭ই নভেম্বর ২০০৭
৩৬. সাম্প্রতিক চালচিত্র ও বৌদ্ধদের পঞ্চনীতি, দীপঙ্কর, ২৫৫১ বুদ্ধ পূর্ণিমা, বৌদ্ধ জাতীয় উৎসব উদযাপন কমিটি, বাংলাদেশ বুদ্ধিস্টা ফেডারেশন, ঢাকা, ২৩শে মে ২০০৭
৩৭. প্রাচীন বৌদ্ধবিদ্যা পুনরুদ্ধারে রাহুল সাংকৃত্যায়নের অবদান, কৃষ্টি সাহিত্য পত্রিকা, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ (BBKPS), ঢাকা, ১৯শে মে ২০০৮
৩৮. কক্সাবজার জেলার বৌদ্ধদের ইতিহাস, ঐতিহ্য ও আত্মসামাজিক অবস্থা, প্রজ্ঞামিত্র স্মারক, রামু, কক্সবাজার, ২০০৮
৩৯. বাংলাদেশের সংঘমনীষার মহাজীবন স্মরণ: প্রসঙ্গ মায়ানমার সরকারের রাষ্ট্রীয় উপাধি, অনোমা, বার্ষিক সাহিত্য পত্রিকা, চট্টগ্রাম, ২০০৯
৪০. বুদ্ধ ও বৌদ্ধধর্মের মৌলিক বিষয়ে মতাদ্বৈতা: একটি পর্যালোচনা, দীপঙ্কর, শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন মুখপত্র, ঢাকা, ৭ই নভেম্বর ২০০৯
৪১. বাংলায় থেরবাদ বৌদ্ধধর্মের উত্তরসাধক পণ্ডিত সত্যপ্রিয় মহাথের, আর্যসত্য, সত্যপ্রিয় স্মারক গ্রন্থ, রামু, কক্সবাজার, ২০১২

৪২. বাংলাদেশের প্রাচীন বৌদ্ধ ঐতিহ্য ও পুরাতত্ত্বে ইতিহাস মূল্যায়ন, দীপঙ্কর,সম্পাদক দুলাল কান্তি বড়ুয়া, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন, ঢাকা, ২০১২
৪৩. বৌদ্ধধর্মে ভ্রাতৃত্ববোধ ও সম্প্রীতি: বর্তমান প্রেক্ষাপট, দীপঙ্কর, সম্পাদক দুলাল কান্তি বড়ুয়া, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন, ঢাকা, ২০১২
৪৪. মহান ভাষা আন্দোলন ও ভাষা শহীদের কথা, বৈচিত্র্য কথা, ২য় বর্ষ, ১ম সংখ্যা, সম্পাদক মং এখেন মং মং, ঢাকা, ফেব্রুয়ারি ২০১৩
৪৫. বাংলাদেশে নিউ বুদ্ধিস্ট: উত্তরবঙ্গের প্রান্তিক ওরাঁও, বৈচিত্র্যকথা, সম্পাদক মং এখেন মং মং, বিশ্ব আদিবাসী দিবস ২০১৩ উপলক্ষে বিশেষ ও যুক্ত সংখ্যা, ২০১৩
৪৬. উত্তরবঙ্গের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ওরাঁও বৌদ্ধদের ইতিবৃত্ত, সপ্তপণী, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ১৩ মে ২০১৪
৪৭. বৌদ্ধ সাহিত্যে মহাকাব্য সন্দর্শন, সপ্তরশ্মি স্মারক সংখ্যা, ভিক্ষু পরিবাস ব্রত, ত্রি-সংঘরাজ স্মরণ সভা ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন, শীলকূপ, বাঁশখালী, চট্টগ্রাম; ২৩ জানুয়ারি ২০১৫
৪৮. বৌদ্ধবিদ্যা পুনরুদ্ধারে মহাপন্ডিত রাহুল সাংকৃত্যায়নের অবদান, যুগোত্তম স্মারকসংখ্যা, পূর্ণানন্দ স্মৃতি জয়ন্তি ও তিলোকানন্দ মহাস্থবির বরণ কমিটি, পটিয়া, চট্টগ্রাম, ২০ জানুয়ারি ২০১৫
৪৯. থেরবাদী ত্রিপিটক সাহিত্য সন্দর্শন, দীপঙ্কর, সম্পাদক ড. জগন্নাথ বড়ুয়া, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশন, ঢাকা, ২০ নভেম্বর ২০১৫
৫০. বাংলাদেশ বৌদ্ধধর্মের উৎপত্তি ও বিকাশ, সৌগত পত্রিকা, সম্পাদক ভিক্ষু সুনন্দপ্রিয়, ঢাকা, সেপ্টেম্বর ২০১৫
৫১. দুইশত বছরে বাঙালি বৌদ্ধদের ভাষা সাহিত্য ও সংস্কৃতিচর্চা, উপ-সংঘরাজ ধর্মপ্রিয় মহাথের জন্মজয়ন্তি স্মারক সংখ্যা, পাহাড়তলী, চট্টগ্রাম, ২০১৬
৫২. পালি বর্ণমালা ও শব্দ প্রয়োগ রীতি, বিশ্বমৈত্রী, চট্টগ্রাম বৌদ্ধ বিহার, বাংলাদেশ বৌদ্ধ সমিতি, চট্টগ্রাম, ২০১৭
৫৩. আচার্য শান্তিদেবের বোধিচর্যাবতার ও পারমিতা দর্শন, বৈশালী, বাংলাদেশ বৌদ্ধ মহাবিহার, ঢাকা, ২০১৭
৫৪. বাংলাভাষার পথিকৃৎ হরপ্রসাদ শাস্ত্রীর বৌদ্ধবিদ্যা চর্চা, রেবতপ্রিয় স্মারক সংখ্যা, জাতীয় অন্ত্যেষ্টিক্রিয়া ও বৌদ্ধ মহাসম্মেলন, উখিয়া, কক্সবাজার, ২০১৭
৫৫. বাংলাদেশ বৌদ্ধধর্মের উৎপত্তি ও বিকাশ, বৈশালী, চেয়ারম্যান ড. জগন্নাথ বড়ুয়া ও সম্পাদক উজ্জল বড়ুয়া বাসু, জাতীয় বৌদ্ধ সম্মেলন ও ধর্মদেশনা, বাংলাদেশ বৌদ্ধ সমিতি-ঢাকা অঞ্চল, ২০১৮
৫৬. মহাকবি ক্ষেমেন্দ্রের বোধিসত্ত্বাবদান গ্রন্থ মূল্যায়ন, নন্দবংশ স্মারক সংখ্যা, মহাথের বরণ অনুষ্ঠান, চট্টগ্রাম, ২০১৮
৫৭. প্রাচীন ব্রাহ্মী ও খরোষ্ঠী লিপির ইতিহাস মূল্যায়ন, সংঘবন্ধু স্মারক সংখ্যা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম, ২০১৮
৫৮. মহাসতিপটঠান সূত্র: বৌদ্ধধর্মের সারতত্ত্ব, বোধি, ত্রিপিটক রিচার্স সোসাইটি, ঢাকা, ২০১৮
৫৯. হরপ্রসাদ শাস্ত্রীর কাঞ্চনমালা উপন্যাস: বৌদ্ধ ইতিহাসের শেকড় অন্বেষা, অগ্রস্বামী স্মারক সংখ্যা, কর্মজ্যোতি এ.এস. তেজপ্রিয় মহাস্থবির জাতীয় উদযাপন পরিষদ, কক্সবাজার, ২০১৯
৬০. সম্রাট অশোকের অনুশাসন ও শিলালিপি: একটি পর্যালোচনা, কীর্তি সুবর্ণ জয়ন্তী স্মারকসংখ্যা, চট্টগ্রাম, ২০১৯
৬১. ঐতিহাসিক অশোকাবদান: বিষয় বৈশিষ্ট্য ইতিহাস অন্বেষা, সৌম্য সারথী, চট্টগ্রাম, ২০১৯
৬২. আচার্য শান্তিদেবের জীবন ও দর্শন, ড. দীপঙ্কর স্মারক সংখ্যা, সম্পাদক চৌধুরী বাবুল বড়ুয়া, বান্দরবান, ২০১৯
৬৩. সতিপট্ঠান সূত্রের বিষয় ও তাৎপর্য, ধর্মকেতু, সম্পাদক উজ্জ্বল বড়ুয়া বাসু, ঢাকা, ২০২৩
৬৪. পার্বত্য চট্টগ্রামে আদিবাসী বৌদ্ধদের শিক্ষা দীক্ষা ও সাহিত্য চর্চা: একটি পর্যালোচনা, উ পাণ্ডিতা মহাথের ভান্তে অন্ত্যেষ্টিক্রিয়া স্মারক, রাঙ্গামাটি, ২০২২
৬৫. পালি ভাষা শিক্ষা ও পাঠদান: প্রসঙ্গ পালি টোল ও কলেজ, সৌগত, সম্পাদক ভিক্ষু সুনন্দপ্রিয়, ঢাকা, ২০২৫
৬৬. পরম সৌগত ভিক্ষু সুনন্দপ্রিয়, সুনন্দপ্রিয় স্মারক, ঢাকা, ২০২৫
৬৭. বোধিপক্ষীয় সংঘমনীষা বুদ্ধানন্দ মহাথের, বুদ্ধানন্দ স্মারক, ঢাকা, ২০২৫
৬৮. যদ্যপি আমার গুরু সদ্ধর্মপুণ্ডরিক, প্রফেসর ড. সুকোমল বড়ুয়া সংবর্ধনা স্মারক, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা, ২০২৫
৬৯.
৭০.

বিভিন্ন অনুষ্ঠানে মহাসচিব হিসেবে দায়িত্ব পালন এবং স্মারক গ্রন্থ ও সাময়িকী সম্পাদনা

- শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন ২০১৮ অনুষ্ঠানের 'মহাসচিব' হিসেবে দায়িত্ব পালন।
- শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন ২০১৫ অনুষ্ঠানের 'মহাসচিব' হিসেবে দায়িত্ব পালন।

- শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন ২০১৩ অনুষ্ঠানের 'মহাসচিব' হিসেবে দায়িত্ব পালন।
  ১৪ ও ১৫ নভেম্বর ২০১৩ দুইদিন ব্যাপী অনুষ্ঠানে সেমিনার, কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধ মহাসম্মেলন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশস্থ চীনের মান্যবর রাষ্ট্রদূত Mr. LI JU বিশেষ অতিথি ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী প্রফেসর ড. হারুন অর রশিদ।
- শুভ বুদ্ধ পূর্ণিমা সম্মিলিত শান্তি শোভাযাত্রা ও সম্প্রীতি উৎসব ২০১৯, বাংলাদেশ বৌদ্ধ সাংস্কৃতিক পরিষদ, ঢাকা এর আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন।
- শুভ কঠিন চীবর দান ও জাতীয় বৌদ্ধধর্মীয় মহাসম্মেলন ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১, ২০২২, ২০২৩ উপলক্ষে প্রকাশিত বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশনের মুখপত্র 'দীপঙ্কর' এর সম্পাদক হিসেবে দায়িত্ব পালন। ৩১ অক্টোবর ২০১৪ থেকে ২০২৩ (চলমান)
- বৈশালী, স্মারক সংকলন সম্পাদনা কমিটির চেয়ারম্যান, জাতীয় বৌদ্ধধর্মীয় মহাসম্মেলন, বাংলাদেশ বৌদ্ধ মহাবিহার, ঢাকা, ২০১৮
